উপজেলা পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ ২০৬ (৪০)

তারিখ ঃ ২৪ ফাল্গুন ১৪৩১। / ০৯ মার্চ ২০২৫।

বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ২০ মার্চ, ২০২৫ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:০০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের মার্চ, ২০২৫ মাসের মাসিক সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি আগামী ১৯-০৩-২০২৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

০৯/০৩/২৫

(রেহেনুমা তারান্নুম)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার।
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

Ahmad 09/03/25

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৬) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪) উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬) ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭) চেয়ারম্যান, .......................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৮) জনাব.......................................................................................

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ -২০৬ (৪০)/১(৪)

তারিখ ঃ ২৪ ফাল্গুন ১৪৩১। / ০৯ মার্চ ২০২৫।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ঃ**

১। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩। নোটিশ বোর্ড।
৪। অফিস নথি।

০৯/০৩/২৫

(রেহেনুমা তারান্নুম)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার।
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

Ahmad 09/03/25

# উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : মার্চ, ২০২৫   সভার তারিখ: ২০/০৩/২০২৫, সময় : বেলা- ১১.০০ টা।

| ক্র: নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৩ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | [signature] |
| ৪ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৫ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01932960103 | hafizsau10@gmail.com | [signature] |
| ৬ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01763-204772 | | [signature] |
| ৭ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01718996474 | ueofulkuri@gmail.com | [signature] |
| ৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01711155694 | | [signature] |
| ৯ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ১০ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01723321723 | md.Shirajdowla@gmail.com | [signature] |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01743069797 | | [signature] |
| ১২ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01719549788 | bidurroy1979@gmail.com | [signature] |
| ১৩ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01303365324 | anwar.abir.454545@gmail.com | [signature] |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01724-913930 | uwaofulkuri@gmail.com | [signature] |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01717-413762 | | [signature] |
| ১৬ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01710425104 | | [signature] |
| ১৭ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |

উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : মার্চ, ২০২৫ সভার তারিখ: ২০/০৩/২০২৫, সময় : বেলা- ১১.০০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | [signature] |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | [signature] |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | [signature] |
| ৪ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৫ | চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |

# উপজেলা পরিষদ

## ফুলবাড়ী, কুড়িগ্রাম।

**মার্চ, ২০২৫ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | রেহেনুমা তারান্নুম<br>প্রশাসক, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ। |
| তারিখ | ঃ | ২০ মার্চ, ২০২৫। |
| সময় | ঃ | বেলা ১১.০০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভাপতি জনাব রেহেনুমা তারান্নুম, প্রশাসক,উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্য বিষয়- (বিভাগীয় কার্যাবলী)** আলোচনা :

<table>
<tr><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>উপজেলা প্রাণি সম্পদ বিভাগ</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। দুধ, ডিম, মাংসের বাজার নিয়ন্ত্রণ রোধে প্রতিনিয়ত বাজার মনিটরিং চলমান রয়েছে। তিনি তাঁর দপ্তর কর্তৃক পরিচালিত মার্চ, ২০২৫ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের নাম</th><th>চলতি মাসে অর্জন</th></tr>
<tr><td>১</td><td>গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>২৪৭৬টি</td></tr>
<tr><td>২</td><td>হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>১২৭০২টি</td></tr>
<tr><td>৩</td><td>গবাদি পশুর টিকা প্রদান (সংখ্যা)</td><td>০০ টি</td></tr>
<tr><td>৪</td><td>হাঁস-মুরগির টিকা প্রদান (সংখ্যা)</td><td>৩৭০০০টি</td></tr>
<tr><td>৫</td><td>গবাদি পশুর কৃত্রিম প্রজনন</td><td>২৫০টি</td></tr>
<tr><td>৬</td><td>শংকর জাতের বাচ্চা উৎপাদন</td><td>৯৫ টি</td></tr>
<tr><td>৭</td><td>উঠান বৈঠক আয়োজন</td><td>০৩টি</td></tr>
<tr><td>৮</td><td>উঠান বৈঠকে অংশগ্রহণকারীর সংখ্যা</td><td>৬৫ জন</td></tr>
<tr><td>০৯</td><td>উন্নত জাতের ঘাষ চাষ কার্যক্রম</td><td>১.৪ একর</td></tr>
<tr><td>১০</td><td>খামারী প্রশিক্ষণ প্রদান</td><td>১০৫ জন</td></tr>
<tr><td>১১</td><td>খামার/ফিড মিল/হ্যাচারী পরিদর্শন</td><td>১২টি</td></tr>
<tr><td>১২</td><td>মাংস প্রক্রিয়াজাতকারীর প্রশিক্ষণ</td><td>৩৭ জন</td></tr>
<tr><td>১৩</td><td>পোষা প্রাণির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>০৩</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশুর অন্যান্য রোগ সম্পর্কে সজাগ থাকতে হবে এবং রোগাক্রান্ত পশু জবাই না করাসহ প্রতিনিয়ত বাজার মনিটরিং কার্যক্রম সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
<tr><td>উপজেলা কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান যে,<br>(ক) অত্র উপজেলায় চলতি বোরো মৌসুমে ১০২৫০ হেক্টর জমিতে বোরো ধান চাষের লক্ষ্যমাত্রার প্রায় শতকরা ৬০ ভাগ জমিতে বোরো ধান রোপণ হয়েছে।<br>(খ) মাঠে দণ্ডায়মান অন্যান্য ফসলের বর্তমান অবস্থা ভালো।<br>(গ) ডিলার পর্যায়ে রাসায়নিক সার মজুদ ও বিতরণ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এ ব্যাপারে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মাধ্যমে সার ডিলারের দোকান পরিদর্শন ও মনিটরিং ব্যবস্থা জোরদার করা হয়েছে।<br>(ঘ) বিভাগীয় বিশেষ কার্যক্রমের আওতায় উপজেলার বড়ভিটা ইউনিয়নের বড়ভিটা ব্লকে রাইস ট্রান্সপ্লান্টার এর মাধ্যমে ১৫০ বিঘা জমিতে বোরো উফশী ধানের সমলয় ব্লক প্রদর্শনী স্থাপন করা হয়েছে।</td><td>কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মনিরটরিং কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকীকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
</table>

(চলমান পাতা/২)

উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি):

সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, অবকাঠামোগত দক্ষতা উন্নয়ন ও তথ্যের মাধ্যমে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠির সহনশীলতা বৃদ্ধি(প্রভাতী) প্রকল্পের আওতায় ফুলবাড়ী উপজেলাধীন কাশিপুর হাট উন্নয়নের জন্য গৃহীত হয়েছে যা অল্প সময়ের মধ্যে বাস্তবায়নের কাজ শুরু করা হবে। কিন্তু উক্ত হাটের পুরাতন অবকাঠামো অপসারণ না হলে কাজ বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। ফলে পুরাতন অবকাঠামো অপসারণের জন্য নিলামের মাধ্যমে বিক্রয়ের মূল্য টাকা=২,৩৭,৯৭৫/- নির্ধারণ করা হয়েছিল। এই প্রেক্ষিতে উক্ত পুরাতন অবকাঠামো অপসারণ করার জন্য পর্যায়ক্রমে ০৩(তিন) বার নিলাম বিজ্ঞপ্তি জারী করা হলেও পুরাতন অবকাঠামোর নিলাম মূল্য অতিরিক্তের অজুহাতে কোন আগ্রহী ব্যক্তি নিলাম ডাকে অংশগ্রহণ করেননি। ফলে পুরাতন অবকাঠামোর পুনঃ নিলাম মূল্য টাকা=১,৫৫,৩৯০/-মাত্র নির্ধারণ করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উহা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো এবং উপজেলা প্রকৌশলীকে নিম্নবর্ণিত নিলাম কমিটির মাধ্যমে জরুরী ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

| | |
|---|---|
| ১। জনাব মো : মামুনুর রহমান, উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম | আহবায়ক। |
| ২। জনাব মো : বিধু ভূষণ রায়, উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম | সদস্য। |
| ৩। জনাব মো : রশিদুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী(এলজিইডি),ফুলবাড়ী, কুড়িগ্রাম | সদস্য। |
| ৪। জনাব মো : মনিরুজ্জামান, চেয়ারম্যান, কাশিপুর ইউপি, ফুলবাড়ী, কুড়িগ্রাম | সদস্য |

সভায় প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম জানান যে, উপজেলা পরিষদের নব নির্মিত প্রশাসনিক ভবনের পশ্চিম পার্শ্বে নিরাপত্তার জন্য Protection প্রয়োজন। এই প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলীকে যথাযথভাবে প্রাক্কলন প্রস্তুত করার জন্য বলা হলে তিনি নিম্নবর্ণিত প্রাক্কলন প্রস্তুত করে সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে উহা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। ২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা রাজস্ব তহবিল হতে প্রকল্পটি জরুরীভাবে নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।

উপজেলা পরিষদের নব নির্মিত প্রশাসনিক ভবনের পশ্চিম পার্শ্বে নিরাপত্তার জন্য Protection ব্যবস্থা গ্রহণ করণ।
বরাদ্দ টাকা=২০০০০০/-

প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ

| | | |
|---|---|---|
| ১। মোছাঃ আফরোজা বেগম | ইউপি সদস্য(নাওডাঙ্গা) | সভাপতি |
| ২। মোঃ মাসুদ আল হাসান | সমাজ সেবক | সদস্য সচিব |
| ৩। মোঃ আব্দুল মতিন মিয়া | শিক্ষক | সদস্য |
| ৪। মোঃ হাসানুর রহমান | ঈমাম | সদস্য |
| ৫। মোঃ মজিবর রহমান | বীর মুক্তিযোদ্ধা | সদস্য |

সভায় প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম জানান যে, উপজেলা পরিষদের শিশুপার্ক ও আনছার সদস্যদের কোয়ার্টারের সামনে সোলার স্ট্রীট লাইট স্থাপন করা প্রয়োজন।এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উহা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, ২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা রাজস্ব তহবিল হতে প্রকল্পটি জরুরীভাবে নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।

উপজেলা পরিষদের শিশুপার্ক ও আনছার সদস্যদের কোয়ার্টারের সামনে সোলার স্ট্রীট লাইট স্থাপন করণ।
বরাদ্দ টাকা=১০০০০০/-

প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ

| | | |
|---|---|---|
| ১। মোছাঃ নাজমা বেগম | ইউপি সদস্য(ফুলবাড়ী) | সভাপতি |
| ২। মোঃ আরিফুর রহমান | সমাজ সেবক | সদস্য সচিব |
| ৩। মোঃ আব্দুল মতিন মিয়া | শিক্ষক | সদস্য |
| ৪। মোঃ হাসানুর রহমান | ঈমাম | সদস্য |
| ৫। মোঃ মজিবর রহমান | বীর মুক্তিযোদ্ধা | সদস্য |

(চলমান পাতা/৩)

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেলো না। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মৎস্য আইন বাস্তবায়নে বিভিন্ন হাট বাজার পরিদর্শন করা হয় এবং পিরানহা মাছ ও আফ্রিকান মাগুরের ব্যাপারে সতর্ক করা হয়। ০১ নভেম্বর ২০২৪ হতে আগামী ৩০ জুন ২০২৫ পর্যন্ত জাটকা ইলিশ ধরা, ক্রয় এবং বাজারজাতকরণ নিষিদ্ধ। মৎস্য চাষির পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান চলমান রয়েছে। | সভায় আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রমসহ মৎস্য সম্পদের উন্নয়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, তাঁর দপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত কার্যক্রম চলমান রয়েছে:<br>১। মাল্টিমিডিয়া ক্লাসরুম নির্মাণ এবং ল্যাংগুয়েজ ক্লাবের তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান।<br>২। ১১শ/সমমান শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তির তথ্য এন্ট্রির কার্যক্রম চলমান।<br>৩। ২০২৫ সালের এসএসসি/সমমান পরীক্ষার পূর্ব প্রস্তুতি কার্যক্রম চলমান।<br>৪। ৬ষ্ঠ শ্রেণির থেকে ১২শ শ্রেণির শিক্ষার্থীদের একাউন্টস সহ অন্যান্য তথ্য সংশোধনী কার্যক্রম চলমান।<br>৫। স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার হালনাগাদ তথ্যাদি প্রেরণ কার্যক্রম চলমান।<br>৬। ২০২৫ শিক্ষাবর্ষের বিনামূল্যে পাঠ্যপুস্তক প্রাপ্ত ও বিতরণ কার্যক্রম চলমান।<br>৭। শিক্ষা প্রতিষ্ঠান সমূহে যুব রেড ক্রিসেন্ট দল গঠন কার্যক্রম চলমান।<br>৮। EFT এর মাধ্যমে শিক্ষক কর্মচারীদের বেতন ভাতাদি প্রদানের সংশোধনী কার্যক্রম চলমান।<br>৯। প্রতিষ্ঠান প্রধান ও অন্যান্য শিক্ষকগণের এ্যানড্রয়েড সেটে e-mail ও facebook, WhatsApp এর মাধ্যমে "ফুলবাড়ী কুড়িগ্রাম শিক্ষা পরিবার" গ্রুপ থেকে তথ্য আদান প্রদান চলমান। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম এবং চলমান কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |
| উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তাঁর দপ্তর কর্তৃক নিম্নবর্ণিত কার্যক্রম বাস্তবায়িত হয়েছে :<br>১। সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২০২৫ শিক্ষার্থীর সারাংশ আপডেটের কাজ সমাপ্ত হয়েছে।<br>২। ২০২৪-২০২৫ অর্থ বছরের ৩০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রুটিন মেইনটেন্যান্সের কাজ সমাপ্ত করে দ্রুত ভাউচার দাখিলের জন্য প্রধান শিক্ষকগণকে পত্র প্রেরণ করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে এবং বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেলো না। | উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান পাতা/৪)

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের আওতায় বিভিন্ন খাতের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে:<br>০১। (ক) ফ্রেবুয়ারি, ২০২৫ পর্যন্ত আত্মকর্ম রাজস্ব খাতের আওতায় ৮৪৯ জনকে ১,৭৬,৮৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(খ) ফ্রেবুয়ারি, ২০২৫ পর্যন্ত পরিবার ভিত্তিক খাতের আওতায় ২৮২২৯ জনকে ১৭,৬৬,১৯,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(গ) ফ্রেবুয়ারি, ২০২৫ পর্যন্ত উত্তরবঙ্গ ২য় পর্ব প্রকল্পের আওতায় ৩৬২ জনকে ১,০৭,৭৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উপরে বর্ণিত সকল খাতে ঋণ আদায় যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে ।<br>২। ফ্রেবুয়ারি, ২০২৫ পর্যন্ত ৮৭০৮ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>৩। ঋণ আদায়ের হার আত্মকর্ম-৮৯%, উত্তরবঙ্গ ২য় পর্বের প্রকল্প ৮৭% পরিবারভিত্তিক ঋণ কর্মসূচি ৯৩%। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। দাপ্তরিক কাজকর্মসহ ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভিন্ন প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তাঁর বিভাগ কর্তৃক ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। গত মাসে ৮৬,০০০/- টাকা ঋণ আদায় হয়েছে। | কৃষক, পেশাজীবি, অতিদরিদ্র গ্রামীণ জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ঋণ প্রদান কার্যক্রম চালু রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>১। ভিডব্লিউবি ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগীদের ডিসেম্বর/২০২৪ চাউল (খাদ্যশষ্য) বিতরণ করা হয়েছে। চলতি মাসে ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগীদের সঞ্চয়ের অর্থ ফেরত প্রদানের লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে।<br>২। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "মা ও শিশু সহায়তা" কর্মসূচির আওতায় উপকারভোগী নির্বাচনের লক্ষ্যে অনলাইনে আবেদন চলমান রয়েছে (প্রতি ইউনিয়ন প্রতিমাসে ০৯ জন করে উপকারভোগী নির্বাচন করা হয়)।<br>৩। অত্র কার্যালয়ে রাজস্ব ডব্লিউটিসি (সেলাই প্রশিক্ষণ) চলমান রয়েছে (জানুয়ারি/২০২৫ হতে জুন/২০২৫ পর্যন্ত দুইটি ব্যাচে ৩০ জন করে প্রশিক্ষণার্থী চুড়ান্ত করা হয়েছে।<br>৪। অত্র উপজেলায় ৬টি ইউনিয়নে কিশোর-কিশোরী ক্লাব রয়েছে। উক্ত ৬টি ক্লাবে ৩০ জন করে মোট ১৮০ জন সদস্য রয়েছে। | সভায় আলোচনান্তে বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্তকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরো জানান যে, নাওডাঙ্গা ইউনিয়নে ০১টি নরমাল ডেলিভারী করা হয়েছে। | পরিবার পরিকল্পনা বিভাগের মা ও শিশু স্বাস্থ্য সেবাসহ অন্যান্য কার্যক্রম আরো জোরদার করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতা, ফুলবাড়ী, কুড়িগ্রাম |
| জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তার অধিদপ্তরের পুরাতন আবাসিক ভবন নিলামের কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যাবলীসহ গৃহীত প্রকল্পের কাজকর্ম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেলো না। | উপজেলা ফরেস্টার কর্মকর্তাকে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |
| উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা, সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ | জনাব মোঃ হারুন অর রশিদ, চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, তার ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধন এর কার্যক্রম সহ অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। ওয়ার্ড ভিত্তিক ভিজিএফ চাউল এর কার্ড বিতরণ করা হয়েছে। উপকারভোগীর মাঝে তা বিতরণ করা হবে। | আলোচনান্তে ফুলবাড়ী ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধনসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। ইউপি চেয়ারম্যান, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ | জনাব মো: হাছেন আলী, চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধন এর কার্যক্রম সহ অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। ওয়ার্ড ভিত্তিক ভিজিএফ চাউল এর কার্ড বিতরণ করা হয়েছে। উপকারভোগীর মাঝে তা বিতরণ করা হবে। | আলোচনান্তে নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধনসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। ইউপি চেয়ারম্যান, নাওডাঙ্গা, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ | জনাব মো: শরীফুল আলম মিয়া, চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, তার ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধন এর কার্যক্রম সহ অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। ওয়ার্ড ভিত্তিক ভিজিএফ চাউল এর কার্ড বিতরণ করা হয়েছে। ৪,০০০ জন উপকারভোগী দশ কেজি করে চাউল উত্তোলন করবে। | আলোচনান্তে শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদে জন্ম নিবন্ধন সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। ইউপি চেয়ারম্যান, শিমুলবাড়ী, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ | জনাব মো: মোহাম্মদ আলী শেখ, চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত না থাকায় তাঁর পরিষদ কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেলো না। | চেয়ারম্যান ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদকে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১। ইউপি চেয়ারম্যান, ভাঙ্গামোড়, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| কাশিপুর ইউনিয়ন পরিষদ | জনাব মোঃ মনিরুজ্জামান মিয়া, চেয়ারম্যান, কাশিপুর ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত না থাকায় তাঁর পরিষদ কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেলো না। | চেয়ারম্যান কাশিপুর ইউনিয়ন পরিষদকে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১। ইউপি চেয়ারম্যান, কাশিপুর, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| বড়ভিটা ইউনিয়ন পরিষদ | প্রশাসনিক কর্মকর্তা, বড়ভিটা ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত না থাকায় তাঁর পরিষদ কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেলো না। | প্রশাসনিক কর্মকর্তাকে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১। ইউপি প্যানেল চেয়ারম্যান, বড়ভিটা, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| উপজেলা পরিষদের বিবিধ আলোচনা | ১। উপজেলা পরিষদ অফিসে ব্যবহারের জন্য সিএ-কাম-স্টেনো এর জানুয়ারি/২৫ হতে ফেব্রুয়ারি/২০২৫ পর্যন্ত ০২(দুই) মাসের ইন্টারনেট বিল বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা রাজস্ব তহবিল হতে ইন্টারনেট বিল ২,০০০/- (দুই হাজার) টাকা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| | ২। উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ক্যাম্পাস, আনসার সেডে ব্যবহৃত মার্চ/২০২৫ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ = ১৫,৫০৫/- (পনের হাজার পাঁচশত পাঁচ) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ক্যাম্পাস, আনসার সেডে ব্যবহৃত মার্চ/২০২৫ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ = ১৫,৫০৫/- (পনের হাজার পাঁচশত পাঁচ) টাকার বিল পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান পাতা/৬)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা পরিষদের বিবিধ আলোচনা | ৩। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩(ণ) অনুচ্ছেদ মোতাবেক উপজেলা পরিষদের যানবাহন মেরামত করে = ৩২,৬৬৪/-(বত্রিশ হাজার ছয়শত চৌষট্টি) টাকার বিল/ভাউচার দাখিল করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত বাবদ ব্যয়কৃত = ৩২,৬৬৪/-(বত্রিশ হাজার ছয়শত চৌষট্টি) টাকার বিল সভায় অনুমোদিত হয় এবং উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| | ৪। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (খ) অনুচ্ছেদ মোতাবেক ২৬ মার্চ, ২০২৫ মহান স্বাধীনতা দিবসের ব্যয় নির্বাহের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উত্তোলনের জন্য সভায় আলোচনা হয়। | সভায় ২৬ মার্চ, ২০২৫ মহান স্বাধীনতা দিবসের ব্যয় নির্বাহের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উত্তোলনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| | ৫। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, উপজেলা পরিষদ ক্যাম্পাস ও উপজেলা পরিষদ অফিসে নিরাপত্তার স্বার্থে সার্বক্ষণিক টহল/পাহারা প্রদানের লক্ষ্যে ০১ (এক) জন আনসার সদস্য গত ০১/১২/২০২৩ তারিখ হতে সাময়িকভাবে নিয়োগ করা হয়। উক্ত নিয়োগকৃত ০১ (এক) জন আনসার সদস্যের দৈনিক ভাতা প্রদান করা হয়। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ম) অনুচ্ছেদ মোতাবেক নিরাপত্তার স্বার্থে আনসার সদস্যের ব্যয় সর্বোচ্চ ১,০০,০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সুযোগ রয়েছে। কিন্তু ভুলবসত ২০২৪-২০২৫ অর্থবছরে ৩৩,৯৫০/-টাকা বেশি উত্তোলন করায় উক্ত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জমা প্রদানে সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি আরো জানান যে, স্বল্পকালিন অঙ্গীভূত আনসার সদস্যের দৈনিক ভাতা ২৭৩/- (দুইশত তিয়াত্তর) টাকা হারে আগামী ০১/০৭/২০২৫ থেকে নির্ধারণ করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ২০২৪-২০২৫ অর্থবছরে ৩৩,৯৫০/- বেশি উত্তোলন করায় উক্ত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জমা প্রদানের সিদ্ধান্তসহ উপজেলা পরিষদ ক্যাম্পাস ও উপজেলা পরিষদ অফিসে নিরাপত্তার স্বার্থে সার্বক্ষনিক টহল/পাহারা জন্য নিয়োগকৃত ০১ (এক) জন আনসার সদস্যের দৈনিক ভাতা ২৭৩/- (দুইশত তিয়াত্তর) টাকা হারে উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০/০৬/২৫

(রেহেনুমা তারান্নুম)
সভাপতি
মাসিক সাধারণ সভা
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
www.phulbari.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭. ৪৯১৮.০০০.০৩.০ ০১. ২৩- ২৩৮ তারিখ ঃ ১০ চৈত্র ১৪৩১। / ২৪ মার্চ ২০২৫।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব, ..........................................................................., বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৭। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৮। উপজেলা.......................................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০। জনাব................................................................., ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১। নোটিশ বোর্ড।
১২। অফিস নথি।

২৪/০৩/২৫

(রেহেনুমা তারান্নুম)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন : ০২৫৮৯৯-৫৩৪১১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd

24/03/25